গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০০৮.০০.০০.০৪৬.২০১৭- ৮৯৪

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৬ / ২৩ অক্টোবর ২০১৯

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নামের পার্শ্বে উল্লিখিত দেশ ও সময়ে স্ব-অর্থায়নে ভ্রমণের জন্য নিচে বর্ণিত শর্তসাপেক্ষে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলোঃ

ক্র.নং	নাম,পদবী ও ঠিকানা	প্রস্তাবিত দেশের নাম	ভ্রমণের সম্ভাব্য তারিখ	ব্যয়ভার	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১।	জনাব মো: জাকির হোসেন চেয়ারম্যান উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা	সৌদি আরব	২৩ অক্টোবর ২০১৯ হতে ১০ নভেম্বর পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন।	স্ব-অর্থায়নে	নিকট আত্মীয় স্বজনের সাথে সাক্ষাতের জন্য

শর্তাবলিঃ

(ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে সরকারের বা সংশ্লিষ্ট উপজেলা পরিষদের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

(খ) অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

(গ) ভ্রমণ শেষে দেশে ফিরে যথারীতি সরকারকে অবহিত করবেন।

(ঘ) ছুটিকালীন বিধি মোতাবেক প্রাপ্য সম্মানী ভাতা বৈদেশিক মুদ্রায় আহরণ করতে পারবেন না।

(ঙ) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-০১ বিধি মোতাবেক আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩.১০.১৯

(নুমেরী জামান)
উপসচিব
ফোনঃ ৯৫৬২২৪৭

স্মারক নং-৪৬.০৪৬.০০৮.০০.০০.০৪৫.২০১৭- ৮৯৪/১/১২

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৬ / ২৩ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৫. নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. জেলা প্রশাসক, কুমিল্লা।
৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরগঞ্জ, কুমিল্লা ।
১০. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা।
১১. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব.....।

২৩.১০.১৯

(নুমেরী জামান)
উপসচিব